# খেলা

আজকাল কলকাতা বৃহস্পতিবার ২ এপ্রিল ২০২৬

## সাফ ফাইনালে ভারতের ছোটরা

অনূর্ধ্ব ২০ সাফ চ্যাম্পিয়নশিপ ফুটবলের সেমিফাইনালে ভুটানকে ৫–০ উড়িয়ে দিল ভারত। জোড়া গোলে নায়ক রোহেন চাফামায়ুম। বাকি গোলগুলি ওমাং ডোডুম, মহম্মদ আরবাশ ও মালেমগাম্বা থকচমের করা। ৩ এপ্রিল ফাইনালে ভারতের সামনে বাংলাদেশ।

### প্রীতি ম্যাচে জয় আর্জেন্টিনা, ব্রাজিলের

# মেসি কাঁদলেন, কাঁদালেন

আজকালের প্রতিবেদন

ফিফা বিশ্বকাপের আগে শেষ প্রীতি ম্যাচে ৫–০ ফলে বড় জয় এল। তবু আর্জেন্টাইনদের চোখে জল। হঠাৎ কেন মনমরা নীল–সাদা ভক্তরা? কারণ, রোজারিওর বছর ৩৮–এর সেই যুবক। যিনি দেশের মাটিতে জাতীয় দলের হয়ে শেষ ম্যাচ খেললেন বুধবার ভোরে। লিওনেল মেসি। ৩৬ বছর পর আর্জেন্টিনার বিশ্বকাপ জয়ের নায়ক। এদিন তিনি গোল করলেন, করালেন, দলকে জেতালেন। সব শেষে নিজে কেঁদে এবং বাকিদের কাঁদিয়ে মাঠ ছাড়লেন। শেষ করলেন এক সোনালি অধ্যায়।

বুধবার জাম্বিয়ার বিরুদ্ধে মেসি, জুলিয়ান আলভারেজ, থিয়াগো আলমাডা সমৃদ্ধ আক্রমণভাগ–সহ একেবারে প্রথম সারির দল নামিয়েছিলেন আর্জেন্টিনা কোচ লিওনেল স্কালোনি। বিশ্বকাপের আগে প্রথম ১১–কে দেখে নিলেন। শুরু থেকেই আক্রমণ। ফল ৪ মিনিটের মধ্যে গোল আলভারেজের, মেসির অ্যাসিস্টে। আগের ম্যাচে পরিবর্ত হিসেবে নেমেছিলেন মেসি। এদিন শুরু থেকেই মাঠে দ্যুতি ছড়ালেন মহাতারকা। ৪৩ মিনিটে স্কোরলিস্টে নাম তুললেন। বিপক্ষের পেনাল্টি বক্সে ঢুকে সতীর্থ অ্যালেক্সিস ম্যাক অ্যালিস্টারের সঙ্গে ওয়াল খেলে ছুরির ফলার মতো বলে চালালেন বাঁ পা। জাল কাঁপল মুহূর্তেই।

বিরতির পর পেনাল্টি পায় আর্জেন্টিনা। সেই সময় মাঠে আরও এক আবেগঘন দৃশ্য তৈরি হল। পেনাল্টি শট নিতে ওটামেন্ডিকে ডাকলেন মেসি। তিনি কিছুতেই আসছেন না। শেষে এমিলিয়ানো মার্টিনেজ এবং অন্য সতীর্থদের জোরাজুরিতে পেনাল্টি মারলেন ওটামেন্ডি। গোলও করলেন। আসলে মেসির মতো তাঁরও দেশের মাঠে এটাই শেষ ম্যাচ ছিল। স্কোরলিস্টে নাম তুলে ওটামেন্ডিও এই ম্যাচ স্মরণীয় করলেন। ৬৮ মিনিটে জাম্বিয়ার এক ফুটবলারের আত্মঘাতী গোলে ব্যবধান ৪–০ হয়। সংযুক্তি সময়ে পঞ্চম গোল ভ্যালেন্টিন বার্কোর।

অন্যদিকে, হারের ধাক্কা কাটিয়ে জয়ে ফিরল ব্রাজিলও। ক্রোয়েশিয়াকে ৩–১ হারিয়েছে সেলেকাওরা। ম্যাচের আগেরদিন দলকে তাতাতে জাতীয় শিবিরে গিয়েছিলেন ২০০২ বিশ্বকাপের দুই নায়ক রোনাল্ডো নাজারিও এবং রিভাল্ডো। সম্ভবত তারই জেরে ব্রাজিল এদিন প্রথম মিনিট থেকে ছন্দবদ্ধ ফুটবল খেলল। প্রথমার্ধে দানিলোর গোলে ১–০ এগিয়ে যায় তারা। দ্বিতীয়ার্ধের শেষদিকে টানটান লড়াই। ৮৪ মিনিটে ক্রোটরা সমতা ফেরান। এরপর ইগর থিয়াগোর পেনাল্টি থেকে ২–১। সংযুক্তি সময়ে গ্যাব্রিয়েল মার্টিনেলি গোল করে জয় নিশ্চিত করেন।



বিপক্ষের তৈরি করা ব্যূহ ভেঙে বেরোচ্ছেন লিওনেল মেসি। ছবি: এএফপি



ম্যাচ শেষে চোখে জল মহাতারকার। ছবি: এক্স

## মুখ জাদেজা

রবীন্দ্র জাদেজাকে ব্র্যান্ড অ্যাম্বাসাডর হিসেবে নিয়োগ করল গণেশ কনজিউমার্স। পূর্বাঞ্চলের গণ্ডি ছাড়িয়ে দেশব্যাপী ছোলার ছাতুর জনপ্রিয়তা বাড়াতেই জাড্ডুকে পণ্যের মুখ হিসেবে তুলে ধরার উদ্যোগ বলে জানান সংস্থার শীর্ষ কর্তারা।

## ফাইনালে বাংলা

খেলো ইন্ডিয়া ট্রাইবাল গেমসের ফাইনালে বাংলা। বুধবার সেমিফাইনালে গোয়াকে ৫–২ হারাল তারা। সৌরভ সাব্বার, দিলীপ ওরাওঁ, বিজয় মুর্মু, রাহুল মুর্মু ও চাকু মান্ডি গোলগুলি করেন। শুক্রবার ফাইনালে বাংলার প্রতিপক্ষ ছত্তিশগড়।

## ৯ গোল

কন্যাশ্রী কাপে ইউনাইটেড কলকাতা এসসি–র দাপট অব্যাহত। কালীঘাট এসএলএ–কে ৯–০ হারাল তারা। হ্যাটট্রিক করেন অনিতা কুমারী। জোড়া গোল দানিয়া কান্তির। বাকি গোলগুলি তনুশ্রী রায়, মিনি রায়, অ্যানি তায়াং ও মীনা খাতুনের করা।






# স্পেনের ড্র, হেরে গেল ইংল্যান্ড

আজকালের প্রতিবেদন

ফুটবল বিশ্বকাপের আগে শেষ প্রস্তুতি ম্যাচ খেলল স্পেন। সেই ম্যাচে জয়হীন তারা। মঙ্গলবার রাতে বার্সিলোনায় আন্তর্জাতিক প্রীতি ম্যাচে স্পেন গোলশূন্য ড্র করল মিশরের সঙ্গে। প্রাধান্য নিয়ে খেলেও গোলের দেখা পায়নি স্পেন। ৮৪ মিনিটে দ্বিতীয় হলুদ ও লাল কার্ড দেখেন মিশরের হামদি ফাথি। শেষ কয়েক মিনিট বিপক্ষকে দশজনে পেয়েও গোল করতে ব্যর্থ স্পেন। এদিন প্রথমার্ধে মিশরের ফুটবলারদের উদ্দেশে গ্যালারি থেকে মুসলিম–বিরোধী স্লোগান দেওয়া হয়। ম্যাচের পর এই ঘটনার তীব্র নিন্দা করেন স্পেনের তারকা ফুটবলার লামিন ইয়ামাল। ইনস্টাগ্রামে লিখেছেন, 'আমিও মুসলিম। জানি, ওই স্লোগান দেওয়া হয়েছে বিপক্ষকে নিয়ে, আমাকে নিয়ে নয়। তবুও এই ঘটনা একেবারেই মেনে নেওয়া যায় না।' স্থানীয় পুলিশ তদন্ত শুরু করেছে।

গত ২৯ মার্চ ক্রিশ্চিয়ানো রোনাল্ডোহীন পর্তুগাল আটকে গিয়েছিল মেক্সিকোর কাছে। মঙ্গল–রাতে সেই রোনাল্ডোহীন পর্তুগালই ২–০ হারাল আমেরিকাকে। দুই অর্ধে দুটি গোল করেছেন ফ্রান্সিসকো ট্রিঙ্কাও এবং জোয়াও ফেলিক্স। ওয়েম্বলিতে ঘরের মাঠে প্রায় ৮০ হাজার দর্শকের সামনে হেরে গেল ইংল্যান্ড। ০–১ ব্যবধানে জাপানের কাছে। ২৩ মিনিটে গোল কাওরু মিতোমার। অন্য ম্যাচে নেদারল্যান্ডস ১–১ ড্র করেছে ইকুয়েডরের সঙ্গে। ১২ মিনিটে লাল কার্ড দেখেন ডাচ ব্রিগেডের ডেনজেল ডামফ্রিস।

# গোলের মুহূর্তটা ভুলতে পারব না: রায়ান

আজকালের প্রতিবেদন

হতাশা, হতাশা আর হতাশা। গত কয়েক বছরে ভারতীয় ফুটবলে এটাই ছিল পরিচিত ছবি। মঙ্গলবার সেই ছবি কিছুটা বদলাল। হোক না নিয়মরক্ষার ম্যাচ। ব্যর্থতাকে অভ্যাসে পরিণত করা একটা দল শুধু হংকং–কে হারালোই না, যেভাবে গোটা ম্যাচে দাপট দেখাল, তাতে অন্ধকার সুরঙ্গে কিঞ্চিৎ আলো দেখা যাচ্ছে। এই জয়ের ফলে ভারত ফিফা ক্রমতালিকায় ১৪১ থেকে ১৩৬–এ উঠে এসেছে। গতবছর দুঃস্বপ্নের মতো হলেও এবছর শুরুটা হল জয় দিয়ে। যাঁকে ঘিরে ফুটবলপ্রেমীদের স্বপ্ন দেখা শুরু, সেই রায়ান উইলিয়ামস নীল জার্সিতে অভিষেকে নিজের ছাপ রাখতে সময় নিলেন মাত্র ৪ মিনিট। সুনীল ছেত্রি পরবর্তী সময়ে একটাই প্রশ্ন নিয়ে এতদিন জোর আলোচনা চলছিল। গোল করবে কে? রায়ানই কি তাহলে সুনীলের উত্তরসূরি?

ম্যাচের পর আবেগে ভাসলেন রায়ান। বলেন, 'এক অদ্ভুত অনুভূতি হচ্ছে। দীর্ঘসময় ধরে এই দিনটার স্বপ্ন দেখছিলাম। অভিষেক ম্যাচে ঘরের মাঠে ৫ মিনিটের মধ্যে গোল করলাম। বড় কথা দল জিতল। আমি গোল করলাম অথচ দল হারল, তাহলে সেই গোলের কোনও গুরুত্বই থাকত না।' গোলের পর উল্লাসে মাতোয়ারা রায়ানের মনে ঠিক কী চলছিল? তাঁর উত্তর, 'বল জালে জড়ানোর পর কী করব, বুঝে উঠতে পারছিলাম না। উৎসবের সময় মনে হয় পা পিছলে পড়েও গিয়েছিলাম। অভিষেক ম্যাচে নেমেই গোল খুবই স্পেশ্যাল। আবেগ ঘিরে ধরেছিল। আমি ও আমার পরিবার এই মুহূর্তটা কখনও ভুলতে পারব না।'

এই ম্যাচে কুঁচকিতে চোট পেয়েছিলেন আনোয়ার আলি। তাঁকে নিয়ে উদ্বেগে ইস্টবেঙ্গল। বৃহস্পতিবার অনুশীলনে যোগ দিলে বোঝা যাবে তাঁর চোট কতটা গুরুতর। যা পরিস্থিতি, তাতে ২৪ এপ্রিল পাঞ্জাব এফসির বিরুদ্ধে ম্যাচটি ৭ এপ্রিলেই খেলতে হতে পারে ইস্টবেঙ্গলকে। সেক্ষেত্রে, কেভিন সিবিলেকে সম্পূর্ণ ফিট অবস্থায় পাওয়া কঠিন। আনোয়ারও খেলতে না পারলে লাল–হলুদ রক্ষণে বড় ধাক্কা হবে।

### ব্যর্থ ঋষভ, রাহুল

# সমীরের দুরন্ত ব্যাটে জিতে শুরু দিল্লির

আজকালের প্রতিবেদন

জল্পনা ছিল, আর চার নম্বর নয়, এবার তিনি আসবেন তিন নম্বরে। কিন্তু লখনউ সুপার জায়ান্টসের আইপিএল অভিযানের শুরুতেই চমক। দিল্লি ক্যাপিটালসের বিরুদ্ধে একেবারে শুরুতেই ব্যাট হাতে হাজির ঋষভ পন্থ। তৃতীয় ওভারের শেষ বল। মুকেশ কুমারের বলে ক্যাচ তুললেন মিচেল মার্শ। মুকেশ ফলো থ্রু–তে ক্যাচ নিতে পারলেন না ঠিকই, কিন্তু তাঁর হাত ছুঁয়ে বল লাগল উইকেটে। নন স্ট্রাইকিং এন্ডে থাকা ঋষভ তখন ক্রিজের বাইরে। অতএব, রান আউট। ৯ বলে ৭ রান। ঋষভের মতোই শুরুটা ভাল হল না লখনউয়ের। ১৮.৪ ওভারে গুটিয়ে গেল ১৪১ রানে। কিন্তু অল্প রানের পুঁজি নিয়েও জয়ের আশা জাগিয়ে তুলেছিল লখনউ। পাঁচ ওভারের আগেই দিল্লি ক্যাপিটালসকে হারাতে হয়েছিল ৪ উইকেট। স্কোরবোর্ডে তখন রান মাত্র ২৬। দেওয়ালে পিঠ ঠেকে যাওয়ার মতোই অবস্থা। সেখান থেকে ১৭ বল বাকি থাকতে দিল্লি জয় পেল ৬ উইকেটে। জয়ের নায়ক সমীর রিজভি। সঙ্গ দিলেন দক্ষিণ আফ্রিকার ক্রিকেটার ট্রিস্টান স্টাবস। পঞ্চম উইকেটে তাঁদের অবিচ্ছিন্ন জুটিতে উঠল ১১৯ রান।

লখনউ ব্যাটারদের মধ্যে এইডেন মার্করাম (১১), আয়ুশ বাদোনি (০), নিকোলাস পুরান (৮) ব্যর্থ হলেও মিচেল মার্শ (২৮ বলে ৩৫) ও আব্দুল সামাদের (২৫ বলে ৩৬) ব্যাটে কিছুটা মানরক্ষা হল। তিনটি করে উইকেট তুলে নিলেন লুঙ্গি এনগিডি ও টি নটরাজন।

দিল্লির ইনিংসে প্রথম বলেই লোকেশ রাহুলকে ফেরালেন মহম্মদ সামি। পাথুম নিশঙ্ক (১), নীতীশ রানা (১৫), অক্ষর প্যাটেলরাও (০) দ্রুত ফিরে গেলেন। হাল ধরলেন সমীর রিজভি (৪৭ বলে অপরাজিত ৭০), ট্রিস্টান স্টাবস (৩২ বলে অপরাজিত ৩৯)।



অর্ধশতরানের পর ব্যাট তুললেন সমীর রিজভি। ছবি: এক্স

### স্কোরবোর্ড

**লখনউ**

| | |
|---|---|
| মার্শ ক স্টাবস ব কুলদীপ | ৩৫ (২৮) |
| ঋষভ রানআউট | ৭ (৯) |
| মার্করাম ব অক্ষর | ১১ (৮) |
| আয়ুশ ক রাহুল ব নটরাজন | ০ (৩) |
| পুরান ব এনগিডি | ৮ (৮) |
| সামাদ ক মিলার ব নটরাজন | ৩৬ (২৫) |
| মুকুল ক ও ব কুলদীপ | ১৪ (১১) |
| শাহবাজ অপরাজিত | ১৫ (১৬) |
| সামি ক কুলদীপ ব নটরাজন | ১ (২) |
| নর্খিয়ে ক স্টাবস ব এনগিডি | ০ (১) |
| মহসিন ক মুকেশ ব এনগিডি | ০ (১) |
| অতিরিক্ত | ১৪ |
| মোট (১৮.৪ ওভারে) | ১৪১ |

■ উইকেট পতন: ১/১৯, ২/৪৮, ৩/৪৯, ৪/৬৫, ৫/৭১, ৬/১০৫, ৭/১৩৮, ৮/১৪০, ৯/১৪১

■ বোলিং: মুকেশ ৩–০–১৭–০, এনগিডি ৩.৪–০–২৭–৩, অক্ষর ৩–০–১৭–১, নটরাজন ৪–০–২৯–৩, কুলদীপ ৪–০–৩১–২, বিপ্রজ ১–০–৮–০

**দিল্লি**

| | |
|---|---|
| রাহুল ক মহসিন ব সামি | ০ (১) |
| নিশঙ্ক ক ঋষভ ব প্রিন্স | ১ (৫) |
| নীতীশ ক সামাদ ব মহসিন | ১৫ (১৭) |
| সমীর অপরাজিত | ৭০ (৪৭) |
| অক্ষর ব প্রিন্স | ০ (১) |
| স্টাবস অপরাজিত | ৩৯ (৩২) |
| অতিরিক্ত | ২০ |
| মোট (১৭.১ ওভারে, ৪ উইকেটে) | ১৪৫ |

■ উইকেট পতন: ১/০, ২/২১, ৩/২৫, ৪/২৬

■ বোলিং: সামি ৪–০–২৮–১, প্রিন্স ৩–০–২০–২, মহসিন ৪–১–১৯–১, নর্খিয়ে ৪–০–৩৯–০, শাহবাজ ১–০–১৬–০, মার্করাম ১–০–১৩–০, সামাদ ০.১–০–৬–০

■ দিল্লি ৬ উইকেটে জয়ী

■ ম্যাচের সেরা: সমীর রিজভি

# স্নায়ুচাপে ছিলেন কনোলি

আজকালের প্রতিবেদন: গুজরাট টাইটান্সের বিরুদ্ধে পরপর ৪ উইকেট হারিয়ে একসময় চাপে পড়ে গিয়েছিল পাঞ্জাব কিংস। চাপের মুখে দুরন্ত ব্যাটিং কুপার কনোলির। আইপিএলের অভিষেক ম্যাচেই নায়ক। কনোলির জন্যই নিজেদের প্রথম ম্যাচে জয় পেয়েছে পাঞ্জাব। কোচ রিকি পন্টিংয়ের পরামর্শেই যে সাফল্য এসেছে, স্বীকার করেছেন ২২ বছর বয়সি অস্ট্রেলিয়ান ব্যাটার।

ম্যাচের পর এক সাক্ষাৎকারে কনোলি বলেন, 'ম্যাচের দিন সকাল থেকেই স্নায়ুচাপে ভুগছিলাম। কোচ পন্টিং আমাকে শান্ত রেখেছিলেন। পরামর্শ দিয়েছিলেন, মাঠে নেমে নিজের খেলা খেলতে, বোলারদের ওপর দাপট দেখাতে। নিজের দায়িত্ব ভাল ভাবে পালন করার জন্য মুখিয়ে ছিলাম। সেই কাজে সফল হওয়ায় আমি খুশি।'

অধিনায়ক শ্রেয়স আয়ারের কাছ থেকেও শেখার জন্য মুখিয়ে ছিলেন কনোলি। একসঙ্গে ব্যাট করার সুযোগ পেয়ে তিনি খুশি, 'অস্ট্রেলিয়া এ দল এবং অস্ট্রেলিয়ার হয়ে শ্রেয়সের বিরুদ্ধে খেলেছি। ওর সঙ্গে ক্রিজে সময় কাটানোর এবং কিছু শেখার জন্য মুখিয়ে ছিলাম। শ্রেয়স বিশ্বমানের ক্রিকেটার। ভবিষ্যতে ওর কাছ থেকে অনেক কিছু শিখতে পারব।' কনোলির আদর্শ অস্ট্রেলিয়া ও পাঞ্জাব কিংসের প্রাক্তন ক্রিকেটার শন মার্শ। আইপিএলে সুযোগ পাওয়ার পর মার্শের পরামর্শ নিয়েছিলেন কনোলি।


ইন্ডিয়ান ব্যাঙ্ক / Indian Bank / ইলাহাবাদ / ALLAHABAD

**ইন্ডিয়ান ব্যাঙ্ক**
জোনাল অফিস চুঁচুড়া
২ নং ফ্লোর, সেনকো বিল্ডিং, বালি মোড়, ব্যান্ডেল পোঃ এবং জেলা–হুগলি,
পিন–৭১২১০৩, ফোন: (০৩৩) ২৬৮০ ২৯৯০; ই–মেল: zochinsurah@indianbank.co.in

পরিশিষ্ট IV–A [রুল ৯(১) এর সংস্থানসমূহ দ্রষ্টব্য] স্থাবর সম্পত্তি বিক্রির জন্য বিক্রয় বিজ্ঞপ্তি

**সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২–এর রুল ৯(১)–এর সংস্থানসমূহ–সহ পঠনীয় সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২ অধীনে বিক্রয়ের বিজ্ঞপ্তি।**

এতদ্দ্বারা জনসাধারণ–সহ বিশেষত ইন্ডিয়ান ব্যাঙ্ক (সুরক্ষিত ঋণদাতা)–এর কাছে বন্ধক রাখা/ দায়বদ্ধ ও নীচে প্রতিটি অ্যাকাউন্টের বর্ণিত স্থাবর সম্পত্তি সম্পর্কিত ঋণগ্রহীতা(গণ) ও জামিনদার(গণ)–এর জ্ঞাতার্থে জানানো যাচ্ছে যে, ইন্ডিয়ান ব্যাঙ্ক (সুরক্ষিত ঋণদাতা)–এর পাওনা অর্থাঙ্ক পুনরুদ্ধারের জন্য এখানে নীচে বর্ণিত স্থাবর সম্পত্তির **প্রতীকী/বাস্তবিক দখল** নিয়েছেন যা **১৭.০৪.২০২৬ তারিখে সকাল ১০টা থেকে ২৩.০৪.২০২৬ তারিখে বিকেল ৪টার মধ্যে 'যেখানে যেমন আছে', 'যা কিছু আছে' এবং 'যেভাবে আছে'** ভিত্তিতে বিক্রি করা হবে।

| ক) অ্যাকাউন্ট/ ঋণগ্রহীতার নাম ও ঠিকানা খ) শাখার নাম | সম্পত্তির বিবরণ | সুরক্ষিত ঋণদাতার পাওনা অর্থাঙ্ক | ক) সংরক্ষণ মূল্য খ) ইএমডি অর্থাঙ্ক গ) বিড বাড়ানোর মূল্য ঘ) সম্পত্তির আইডি ঙ) সম্পত্তির ওপর দায় চ) দখলের প্রকৃতি |
|---|---|---|---|
| **মেসার্স শ্রী দুর্গা কনস্ট্রাকশন লেবার সাপ্লাই**, প্রোপ্রাইটর **মিঃ কৌশিক সাহা** (ঋণগ্রহীতা), পিতা– প্রয়াত লক্ষ্মী নারায়ণ সাহা, দামোদর কলোনি, পোঃঅঃ– বড়বহেরা, নবগ্রাম, থানা– উত্তরপাড়া, জেলা– হুগলি, ৭১২২৪৬, পশ্চিমবঙ্গ এবং **মিঃ কৌশিক সাহা, মেসার্স শ্রী দুর্গা কনস্ট্রাকশন লেবার সাপ্লাই**–এর প্রোপ্রাইটর (ঋণগ্রহীতা), পিতা– প্রয়াত লক্ষ্মী নারায়ণ সাহা, দামোদর কলোনি, পোঃঅঃ– বড়বহেরা, নবগ্রাম, থানা– উত্তরপাড়া, জেলা– হুগলি, ৭১২২৪৬, পশ্চিমবঙ্গ।<br>**শাখা:** কোন্নগর | ১. 'গিরিধারী রেসিডেন্সি' নামক জি+৪ তল বিশিষ্ট আবাসিক বিল্ডিংয়ের একতলায় সামান্য কমবেশি ২৭৬ বর্গফুট (সুপার বিল্ট আপ) এবং ২৪০ বর্গফুট (কভার্ড এরিয়া) পরিমাপের জি-৬ নং বাণিজ্যিক দোকানের অপরিহার্য সমগ্র পরিমাণ যার স্থিতি ও বিবরণ: মৌজা– বড়বহেরা, জে এল নং ৫, আর এস খতিয়ান নং ৪৫৪, আর এস দাগ নং ৬৯৫, এল আর খতিয়ান নং ৮৮৭, এল আর দাগ নং ১৫৫৮, নবগ্রাম গ্রাম পঞ্চায়েতের এলাকাধীন, থানা– উত্তরপাড়া, জেলা– হুগলি, পশ্চিমবঙ্গ। এডিএসআর উত্তরপাড়া, হুগলি, পশ্চিমবঙ্গ–এ নিবন্ধীকৃত বুক নং ১, ভলিউম নং ০৬২১-২০১৯, পৃষ্ঠা ৩৯৯৮১ থেকে ৪০০১৪–এ ০৩.০৪.২০১৯ তারিখের ২০১৯ সালের বিক্রয় দলিল নং ১২৬৭ অনুযায়ী সম্পত্তির মালিকানা শ্রী কৌশিক সাহা, পিতা– প্রয়াত লক্ষ্মী নারায়ণ সাহা–এর নামে।<br>২. 'গিরিধারী রেসিডেন্সি' নামক জি+৪ তল বিশিষ্ট আবাসিক বিল্ডিংয়ের একতলায় সামান্য কমবেশি ৪৩০ বর্গফুট (সুপার বিল্ট আপ) এবং ৩৭৪.২১ বর্গফুট (কভার্ড এরিয়া) পরিমাপের আবাসিক ফ্ল্যাট নং জি-৩–এর অপরিহার্য সমগ্র পরিমাণ যার স্থিতি ও বিবরণ: মৌজা– বড়বহেরা, জে এল নং ৫, আর এস খতিয়ান নং ৪৫৪, আর এস দাগ নং ৬৯৫, এল আর খতিয়ান নং ৮৮৭, এল আর দাগ নং ১৫৫৮, নবগ্রাম গ্রাম পঞ্চায়েতের এলাকাধীন, থানা– উত্তরপাড়া, জেলা– হুগলি, পশ্চিমবঙ্গ। এডিএসআর উত্তরপাড়া, হুগলি, পশ্চিমবঙ্গ–এ নিবন্ধীকৃত বুক নং ১, ভলিউম নং ০৬২১-২০১৯, পৃষ্ঠা ৭৮৬১২ থেকে ৭৮৬৪৬–এ ০৯.০৭.২০১৯ তারিখের ২০১৯ সালের বিক্রয় দলিল নং ১২৬৮ অনুযায়ী সম্পত্তির মালিকানা শ্রী কৌশিক সাহা, পিতা– প্রয়াত লক্ষ্মী নারায়ণ সাহা–এর নামে।<br>**[উপরে উল্লিখিত সম্পত্তিটি মিঃ কৌশিক সাহা ও মিসেস উমা সাহার এইচবিএল (অ্যাকাউন্ট নং ৫০৪৬৫৭৩৩৫০৫)–এ প্রাথমিক সুরক্ষা হিসেবে এবং মেসার্স শ্রী দুর্গা কনস্ট্রাকশন লেবার সাপ্লাই, প্রোপ্রাইটর শ্রী কৌশিক সাহা, পিতা– প্রয়াত লক্ষ্মী নারায়ণ সাহা–এর অ্যাকাউন্টে ২য় চার্জ হিসেবে বন্ধক রাখা হয়েছে]।** | **₹২৪,৯৪,২৮৫/–** (চব্বিশ লক্ষ চুরানব্বই হাজার দুশো পঁচাশি টাকা মাত্র) ২৮.১২.২০২৩ তারিখের ভিত্তিতে এবং ২৯.১২.২০২৩ থেকে প্রদানের তারিখ পর্যন্ত চুক্তির হারে উদ্ভূত সুদ এবং খরচ। | ক) **₹২৪,৭১,০০০/–** (চব্বিশ লক্ষ একাত্তর হাজার টাকা মাত্র)<br>খ) **₹২,৪৭,১০০/–** (দুই লক্ষ সাতচল্লিশ হাজার একশো টাকা মাত্র), যা সর্বশেষ **২৩.০৪.২০২৬** তারিখ বিকেল **৪টার মধ্যে** জমা দিতে হবে<br>গ) **₹২০,০০০.০০** (কুড়ি হাজার টাকা মাত্র)<br>ঘ) **IDIB50498123807AB**<br>ঙ) অনুমোদিত আধিকারিকের সেরা জ্ঞান ও তথ্য অনুসারে এই সম্পত্তির ওপর কোনও দায় আছে বলে জানা নেই<br>চ) **বাস্তবিক দখল** |
| **মেসার্স এসআই–এমআই এন্টারপ্রাইজ,** প্রোপ্রাইটর: শেখ সিরাজুল, ৪, কবি কিরণধন রোড, ওয়ার্ড নং ১২, ভদ্রকালি, হুগলি, পশ্চিমবঙ্গ–৭১২২৩২, **শেখ সিরাজুল**, পিতা আবেদ আলি শেখ, ৪, কবি কিরণধন রোড, ওয়ার্ড নং ১২, ভদ্রকালি, হুগলি, পশ্চিমবঙ্গ–৭১২২৩২ এবং **জাবেদ আলি শেখ** (বন্ধকদাতা এবং জামিনদার), পিতা মহঃ কালো শেখ দর্জি, কবি কিরণধন রোড, ওয়ার্ড নং ১২, ভদ্রকালি, হুগলি, পশ্চিমবঙ্গ–৭১২২৩২।<br>**শাখা:** হিন্দমোটর | তিনতলা বিল্ডিং সহ কমবেশি ১ কাঠা, ৮ ছটাক, শূন্য বর্গফুট ভিটি (বাস্তু) জমির সমগ্র ও অবিচ্ছেদ্য অংশ, মৌজা ভদ্রকালি, জে এল নং ৯, এল আর দাগ নং ৪৬৫২ এবং ৪৬৫৩, এল আর খতিয়ান নং ৩৯৯৬, সার্ভে নং ১৭৬৪, খতিয়ান নং ২৫৭, দাগ নং ২৬১০, হোল্ডিং নং ৪, কবি কিরণধন রোড, পোঃ ভদ্রকালি, থানা উত্তরপাড়া, জেলা হুগলি, উত্তরপাড়া কোতরং পুরসভার ওয়ার্ড নং ১২, এডিএসআর শ্রীরামপুরে নথিভুক্ত ২১.০৪.১৯৮১ তারিখের বিক্রয় দলিল নং I–২০১১/১৯৮১। **চৌহদ্দি: উত্তর:** কালীনাথ ঘোষের সম্পত্তি; **দক্ষিণ**: কমন প্যাসেজ; **পূর্ব**: হাসিনা খাতুনের সম্পত্তি; **পশ্চিম**: ফতেমা বিবি এবং অন্যদের সম্পত্তি এবং পুকুর। | **₹১২,৩৪,২২৯.০০** (বারো লক্ষ চৌত্রিশ হাজার দুশো উনত্রিশ টাকা মাত্র), (উপরোক্ত অ্যাকাউন্টে সর্বশেষ তারিখ পর্যন্ত সুদ ধরা আছে), ২৭.০৫.২০২৫ তারিখের ভিত্তিতে, তার উপর ২৮.০৫.২০২৫ থেকে উদ্ভূত সুদ, চার্জ এবং খরচ। | ক) **₹২৬,৭৫,০০০/–** (ছাব্বিশ লক্ষ পঁচাত্তর হাজার টাকা মাত্র)<br>খ) **₹২,৬৫,৭৫০/–** (দুই লক্ষ পঁয়ষট্টি হাজার সাতশো পঞ্চাশ টাকা মাত্র) যা সর্বশেষ **২৩.০৪.২০২৬** তারিখ বিকেল **৪টার মধ্যে** জমা দিতে হবে<br>গ) **₹২০,০০০.০০** (কুড়ি হাজার টাকা মাত্র)<br>ঘ) **IDIB50155068255**<br>ঙ) অনুমোদিত আধিকারিকের সেরা জ্ঞান ও তথ্য অনুসারে এই সম্পত্তির ওপর কোনও দায় আছে বলে জানা নেই<br>চ) **প্রতীকী দখল** |
| **মিঃ অর্ঘ্য মুখার্জি** (ঋণগ্রহীতা), পিতা মিঃ চঞ্চল মুখার্জি, গ্রাম রাজাগ্রাম, পোঃ রঘুবাটি, থানা গোঘাট, জেলা হুগলি, ৭১২৬১৪, পশ্চিমবঙ্গ এবং **মিঃ চঞ্চল মুখার্জি** (ঋণগ্রহীতা), পিতা মিঃ সন্তোষ মুখার্জি, গ্রাম রাজাগ্রাম, পোঃ রঘুবাটি, থানা গোঘাট, জেলা হুগলি, ৭১২৬১৪, পশ্চিমবঙ্গ<br>**শাখা:** বেঙ্গাই | জমি ও বাড়ির সমগ্র ও অবিচ্ছেদ্য অংশ, মাপ কমবেশি ৪ শতক, মৌজা রাজাগ্রাম, জে এল নং ৫৫, এল আর খতিয়ান নং ১২১৬, এল আর দাগ নং ১০০৭, রঘুবাটি গ্রাম পঞ্চায়েতের অধীন, থানা গোঘাট, জেলা হুগলি, বুক নং I, ভলিউম নং ০৬০৯–২০১৮, পৃষ্ঠা ৯৯০৭৮ থেকে ৯৯০৯৫, এডিএসআর গোঘাটে নথিভুক্ত ২০১৮ সালের, ৩১.০৮.২০১৮ তারিখের দলিল নং ৫০৯১ অনুসারে অর্ঘ্য মুখার্জির নামে। **চৌহদ্দি: উত্তর:** শ্যামাপদ জানার সম্পত্তি; **দক্ষিণ**: অবিরুদ্দিন মল্লিকের সম্পত্তি; **পূর্ব**: পঞ্চায়েত রাস্তা; **পশ্চিম**: অবিরুদ্দিন মল্লিকের সম্পত্তি। | **₹৪,৭৫,৪৪৪/–** (চার লক্ষ পঁচাত্তর হাজার চারশো চুয়াল্লিশ টাকা মাত্র) ২৫.০৬.২০২৪ তারিখের ভিত্তিতে তৎসহ তার উপর উদ্ভূত সুদ, মাশুল, অন্যান্য চার্জ এবং খরচ | ক) **₹১১,০০,০০০/–** (এগারো লক্ষ টাকা মাত্র)<br>খ) **₹১,১০,০০০/–** (এক লক্ষ দশ হাজার টাকা মাত্র) যা সর্বশেষ **২৩.০৪.২০২৬** তারিখ বিকেল **৪টার মধ্যে** জমা দিতে হবে<br>গ) **₹২০,০০০.০০** (কুড়ি হাজার টাকা মাত্র)<br>ঘ) **IDIB50518066202**<br>ঙ) অনুমোদিত আধিকারিকের সেরা জ্ঞান ও তথ্য অনুসারে এই সম্পত্তির ওপর কোনও দায় আছে বলে জানা নেই<br>চ) **বাস্তবিক দখল** |

**ই–নিলামের তারিখ ও সময়: ১৭.০৪.২০২৬ সকাল ১০টা থেকে ২৩.০৪.২০২৬ বিকেল ৪টা পর্যন্ত**
**ই–নিলাম পরিষেবা প্রদানকারীর প্ল্যাটফর্ম: https://baanknet.com**

অনলাইন বিডে অংশ নেওয়ার জন্য বিডারগণকে আমাদের ই–নিলাম পরিষেবা প্রদানকারী সংস্থা পিএসবি অ্যালায়েন্স প্রাঃ লিঃ–এর ওয়েবসাইট **(https://baanknet.com)** দেখার পরামর্শ দেওয়া হচ্ছে। প্রযুক্তিগত সহায়তার প্রয়োজন হলে অনুগ্রহপূর্বক পিএসবি অ্যালায়েন্স প্রাঃ লিঃ–এর ৮২৯১২২০২২০ হেল্পলাইন নম্বরে অথবা সার্ভিস প্রোভাইডারের হেল্পডেস্কে উপলব্ধ অন্যান্য হেল্পলাইন নম্বরে কথা বলুন (ই–মেল: support.baanknet@psballiance.com)। রেজিস্ট্রেশন স্ট্যাটাস এবং ইএমডি স্ট্যাটাস জানার জন্য অনুগ্রহপূর্বক support.baanknet@psballiance.com মেল আইডি–তে যোগাযোগ করবেন। সম্পত্তির বিশদ তথ্যাবলি এবং সম্পত্তির ছবি সমেত নিলামের শর্ত ও নিয়মাবলির জন্য অনুগ্রহপূর্বক **https://baanknet.com** ওয়েবসাইট দেখুন এবং এই পোর্টাল সম্পর্কিত প্রশ্নের ব্যাখ্যা পেতে অনুগ্রহপূর্বক এই হেল্পডেস্ক নম্বরে যোগাযোগ করবেন: ৮২৯১২২০২২০।
**https://baanknet.com** ওয়েবসাইটে এই সম্পত্তিগুলি খোঁজার সময় **বিডারগণকে ওপরে উল্লেখমতো সম্পত্তির আইডি নম্বর ব্যবহারের পরামর্শ দেওয়া হচ্ছে।**

**যোগাযোগের ব্যক্তি: রণধীর কুমার, অনুমোদিত আধিকারিক (মোবাইল: ৭২৭৭০৬৪০০০)/ ১. প্রশান্ত কুমার, ব্রাঞ্চ ম্যানেজার, কোন্নগর (মোবাইল: ৯১২২৮০১০২৮) / ২. বিশ্বজিৎ বৈদ্য, ব্রাঞ্চ ম্যানেজার–হিন্দমোটর (মোবাইল: ৮৪৭৩৮২৯৯৫২) এবং ৩. অরূপ নস্কর, ব্রাঞ্চ ম্যানেজার, বেঙ্গাই (মোবাইল: ৯৮০৪৩২০৪২৪)**

**দ্রষ্টব্য: সম্পর্কিত ঋণগ্রহীতা(গণ)/ বন্ধকদাতা(গণ)/ জামিনদার(গণ)–এর প্রতিও এটি একটি নোটিস**

তারিখ: ৩০.০৩.২০২৬, স্থান: ব্যান্ডেল — স্বাঃ– অনুমোদিত আধিকারিক, ইন্ডিয়ান ব্যাঙ্ক